নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৫/২২৮৩ ২৮ সেপ্টেম্বর ২০২৫

## নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার ওয়ার্কশপ, সেমিনার, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে গেট-এইড লিমিটেডের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সোমবার (০১ সেপ্টেম্বর ২০২৫) উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী। অন্যদিকে গেট-এইড লিমিটেড ইউর ক্যাম্পাস প্রজেক্টের পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মো. শাফায়েত উল্লাহ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, নবাব ফয়জুন্নেসা চৌধুরাণী হলের প্রভোস্ট ড. আবিদুর রহমান, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. মো. শিবলুর রহমানসহ শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রসঙ্গত, এই চুক্তির মাধ্যমে নোবিপ্রবি শিক্ষার্থীরা হলসমূহে সাশ্রয়ী মূল্যে ওয়াশিং মেশিন, ভেন্ডিং মেশিন, ইওর ক্যারিয়ার, ইওর শপ ও লকার সার্ভিসের মতো সেবাসমূহ পাবে।




২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বন বিভাগের পক্ষ থেকে এক হাজার গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (০২ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল কর্মসূচির উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। বিশ্ববিদ্যালয়ের এস্টেট এন্ড হাউজিং শাখার আয়োজনে অনুষ্ঠিত উক্ত কর্মসূচিতে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন উপকূলীয় বন বিভাগ নোয়াখালীর বিভাগীয় বন কর্মকর্তা আবু ইউছুপ ও উপকূলীয় বন বিভাগের ওয়াইল্ড লাইফ এন্ড বায়োডাইভারসিটি কনজারভেশন কর্মকর্তা ইব্রাহিম খলিল ও নোবিপ্রবি এস্টেট এন্ড হাউজিং শাখার ম্যানেজার ড. আ.স.ম. শরিফুর রহমান।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকদের হিট প্রজেক্টে সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে 'এক্সেলারেটিং ইমপ্যাক্ট সাকসেস স্টোরিস ফ্রম দ্যা হিট ইনেশিয়েটিভ' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (০৩ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। প্রশিক্ষণ অনুষ্ঠানে হিট প্রজেক্ট প্রাপ্ত শিক্ষকবৃন্দ নিজেদের সাফল্যের গল্প তুলে ধরেন। পাশাপাশি নোবিপ্রবি শিক্ষকবৃন্দ আসন্ন প্রজেক্টে কিভাবে সাফল্যের ধারা অব্যাহত রাখবেন তার দিক নির্দেশনা ও মূল্যবান মতামত তুলে ধরেন। প্রসঙ্গত, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) হিট প্রজেক্টে অংশগ্রহণ করে নোবিপ্রবির ৬ জন শিক্ষক প্রায় ২০ কোটি টাকা অনুদান পেয়েছেন এবং উক্ত প্রজেক্টে নোবিপ্রবি বর্তমানে সেরা ১০ এর মধ্যে অবস্থান করছে।



৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টারে ডায়াগনস্টিক সেবার কার্যক্রম শুরু হয়েছে। বুধবার (০৩ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর রক্তের নমুনা সংগ্রহের মাধ্যমে ডায়াগনস্টিক সেবার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। এ সময় উপাচার্য এ সেবা কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। ন্যূনতম খরচে এ সেবা গ্রহণের জন্য শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও এলাকাবাসীর প্রতি আহ্বান জানান তিনি। এসময় উপাচার্য মানসম্মত সেবা প্রদানের মাধ্যমে বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যসহ স্থানীয় জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবার মনোন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। পরে উপাচার্য ডায়াগনস্টিক সেবা কার্যক্রমের ল্যাবসমূহ ঘুরে দেখেন।



৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বিশ্ববিদ্যালয়ে যোগদানের বর্ষপূর্তি উপলক্ষে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও সাংবাদিকবৃন্দের সঙ্গে পৃথক মতবিনিময় সভা করেছেন। বৃহস্পতিবার (০৪ সেপ্টেম্বর ২০২৫) সকালে বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ও বিকেলে উপাচার্যের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।



৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শরীরচর্চা শিক্ষা বিভাগের উদ্যোগে জুলাই স্মৃতি আন্তঃঅনুষদ ফুটবল প্রতিযোগিতা ২০২৫ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (০৪ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে উপাচার্য অধ্যাপক অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রধান অতিথি হিসেবে বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেন।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সায়েন্স ক্লাবের আয়োজনে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) ইঞ্জিনিয়ারিং বিষয়ক "স্পিক এআই ফ্লুয়েন্টলি: আস্ক বেটার, গেট বেটার রেজাল্টস্ উইথ প্রম্পট ইঞ্জিনিয়ারিং" শীর্ষক সেশন অনুষ্ঠিত হয়েছে। রোববার (০৭ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-২ এর ভিডিও কনফারেন্স কক্ষে আয়োজিত এ সেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)।



৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের শিক্ষকদের অংশগ্রহণে প্রজেক্ট প্রপোজাল রাইটিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (০৯ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)।



৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) প্রথম কোনো বিভাগ হিসেবে এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (এসিসিই) বিভাগে অ্যাক্রিডিটেশন কর্নারের উদ্বোধন করা হয়েছে। বুধবার (১০ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর উদ্বোধন করেন। উদ্বোধনকালে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ), প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. আসাদুন নবী, বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আশরাফুল আলমসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) বিভাগের ৮ম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ উপলক্ষ্যে "ফ্রেশার্স রিসেপশন ২০২৫" অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে বুধবার (১০ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি বিএমবি বিভাগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য ও বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলামসহ বিএমবি বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।




১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ক্যারিয়ার গাইডলাইন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর ২০২৫) বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে ‘মিট দ্যা এইচআর’ শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মেকাট্রনিক্স ক্লাবের উদ্যোগে শিক্ষার্থীদের অংশগ্রহণে ‘লাইন ফলোয়িং রোবট (এলএফআর) অবস্ট্যাকল এভয়েডিং রোবট’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) পরিদর্শন করেছেন নেদারল্যান্ডসের ওয়াখিনিংগেন বিশ্ববিদ্যালয়ের সিনিয়র রিসার্চার ক্যাথেরিন টারভিস্কা ভ্যান শেলটিঙ্গা। রোববার (১৪ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি পরিদর্শনকালে তিনি একটি সেমিনারে অংশগ্রহণ করেন এবং ল্যাব পরিদর্শন করেন। সম্প্রতি নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নেদারল্যান্ডস সফরকালে স্বনামধন্য ওয়াখিনিংগেন বিশ্ববিদ্যালয়ের সিনিয়র রিসার্চার ক্যাথেরিন টারভিস্কা ভ্যান শেলটিঙ্গার সঙ্গে একাডেমিক সভা করেন। এসময় শিক্ষা ও গবেষণায় উভয় বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেয়ার ক্ষেত্রে ফলপ্রসু আলোচনা হয়। এরই অংশ হিসেবে নেদারল্যান্ডসের এ সিনিয়র রিসার্চার নোবিপ্রবি সফর করছেন।



১৪. একাডেমিক কোলাবরেশন বৃদ্ধির অংশ হিসেবে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের কারাবুক এবং দুযসে বিশ্ববিদ্যালয়ের মাঝে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর ২০২৫) উপাচার্যের কার্যালয়ে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে এমওইউতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে কারাবুক বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির রেক্টর অধ্যাপক ড. ফাতিহ কিরিশিক এবং দুযসে বিশ্ববিদ্যালয়ে পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর নেদিম সোজবির।




১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ফুড সিস্টেমস্ ইউথ লিডারশিপ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স (এফটিএনএস) বিভাগে তিন দিনব্যাপী অনুষ্ঠিত এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। উল্লেখ্য, নোবিপ্রবি এফটিএনএস বিভাগ ও নিড এসিসটেন্স এর সহযোগিতায় গ্লোবাল অ্যালায়েন্স ফর ইমপ্রুভড নিউট্রিশন (GAIN) এবং সান ইউথ নেটওয়ার্ক বাংলাদেশ এর যৌথ আয়োজনে প্রশিক্ষণে নোবিপ্রবিসহ দেশের বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ৩২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। সমাপনী অনুষ্ঠানে নোবিপ্রবি এফটিএনএস বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশ নেয়।




১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কৃষি ও মৎস্য গবেষণা নিয়ে ইনসেপশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস (BAS) এর সহযোগিতায় এবং নোবিপ্রবি এগ্রিকালচার ও ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের যৌথ আয়োজনে ‘BAS-USDA Endowment Program (6$^{th}$ Phage Project)’ শীর্ষক এ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (এসিসিই) বিভাগের আয়োজনে 'ফেয়ারওয়েল সিরোমোনি ২০২৫' শীর্ষক বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর ২০২৫) এসিসিই বিভাগের ১৪ তম ব্যাচের শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন শেষে বিদায় উপলক্ষে 'এ গ্লোরিয়াস গুডবাই' শিরোনামে নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (টিএইচএম) বিভাগের আয়োজনে 'ফেয়ারওয়েল সিরোমোনি অব টিএইচএম থার্ড ব্যাচ' শীর্ষক বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৭ সেপ্টেম্বর ২০২৫) টিএইচএম বিভাগের ৩য় ব্যাচের শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন শেষে বিদায় উপলক্ষে ৪র্থ ব্যাচের আয়োজনে নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর সঙ্গে সনাতন ধর্মাবলম্বীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর ২০২৫) আসন্ন শারদীয় দুর্গোৎসব-২০২৫ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে কর্মরত সনাতন ধর্মাবলম্বী শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে উপাচার্যের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।



২০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI), নোয়াখালী এর পক্ষ থেকে গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এ কর্মসূচির উদ্বোধন করেন। নোবিপ্রবি এস্টেট এন্ড হাউজিং শাখার আয়োজনে কর্মসূচিতে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, নোয়াখালীর প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার ড. মো. শহিদুল ইসলাম, নোবিপ্রবি এগ্রিকালচার বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. গাজী মো. মহসিন।



২১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'শিক্ষক ও কর্মকর্তা লাউঞ্জ' এর কার্যক্রম শুরু হয়েছে। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের শহিদ ক্যাডেট সার্জেন্ট রুমী ভবনের দ্বিতীয় তলায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল লাউঞ্জের কার্যক্রম উদ্বোধন করেন। এ সময় উপাচার্য সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং লাউঞ্জ পরিচালনার সঙ্গে যুক্তদের প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত মূল্যে গুণগত মান বজায় রেখে খাবার পরিবেশনের আহ্বান জানান। এতে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ), শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর সরকার, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, নোবিপ্রবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



২২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) আইন বিভাগের ২য় ব্যাচের ফেয়ারওয়েল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর ২০২৫) 'ন্যায়তরঙ্গ' শিরোনামে নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মাদ ইসমাইল।




২৩. রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) অনভিপ্রেত পরিস্থিতিতে শিক্ষকদের হেনস্তার ঘটনায় উদ্বেগ জানিয়ে বিবৃতি দিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) প্রশাসন। সোমবার (২২ সেপ্টেম্বর ২০২৫) এক বিবৃতিতে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ) এমন ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানান। এ সময় তারা দোষীদের আইনের আওতায় এনে দ্রুত বিচার দাবি করেন।

২৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষা বিভাগের ৩য় ব্যাচের শিক্ষার্থীদের ফেয়ারওয়েল অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৪ সেপ্টেম্বর ২০২৫) 'এডুকেটাম ৩.০' শিরোনামে নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪